




বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও, ঢাকা-১২০৮।



বিজ্ঞপ্তি

তেজগাঁওস্থ বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের মূল ক্যাম্পাসের জহির রায়হান কালার ল্যাব ভবনের পিছনে সীমানা প্রাচীর সংলগ্ন খালি জায়গা (দৈর্ঘ্য ৩০০ ফুট ও প্রস্থ ২০ ফুট এবং ৭ ফুট করিডোর) বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য ভাড়া প্রদান করা হবে। প্রথম ও দ্বিতীয় তলায় কাঠামো নির্মাণ করে এবং ২ তলায় উন্মুক্ত ছাদ ৩য় তলা হিসাবে ব্যবহার করা যেতে পারে। বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন একটি KPI ভুক্ত প্রতিষ্ঠান এর নিরাপত্তা ও নান্দনিকতা বিঘ্নিত না হয় এরূপ ব্যবসা প্রতিষ্ঠান স্থাপনের জন্য বর্ণিত সম্পূর্ণ স্থান একক/যৌথ চুক্তি নামার মাধ্যমে ব্যবসায় আগ্রহী প্রার্থীদের বরাদ্দ দেয়ার জন্য নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

- ০১) আগ্রহী প্রতিষ্ঠানকে ব্যবসায় ধরন অনুযায়ী নিজ খরচে ভবন নির্মাণ করতে হবে। এ লক্ষ্যে প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানকে স্টীল স্ট্রাকচার (Steel Structure) এর উপর একটি পূর্ণাঙ্গ ড্রইং-ডিজাইন প্রাকল্পনসহ দাখিল করতে হবে। বিএফডিসি'র অনুমোদিত প্রস্তাব, ড্রইং-ডিজাইন ও প্রাকল্পন অনুযায়ী ভবন নির্মিত হবে এবং পরবর্তীতে নির্মিত ভবনের মালিকানা বিএফডিসি'র হবে।
- ০২) আগ্রহী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট ব্যবসা/ মার্কেটিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং এ জাতীয় ব্যবসায় প্রমাণক দাখিল করতে হবে।
- ০৩) বর্ণিত খালি জায়গা ০৬ (ছয়) বছরের জন্য বরাদ্দ/ভাড়া প্রদান করা হবে। আলোচনা সাপেক্ষে নির্দিষ্ট হারে ভাড়া বৃদ্ধি করে বরাদ্দের সময়সীমা বৃদ্ধি করা যেতে পারে।
- ০৪) আবেদন ফরমের সাথে ব্যবসা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আইআরসি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), ইনকরপোরেশন সার্টিফিকেট(প্রযোজ্য ক্ষেত্রে), ভ্যাট নিবন্ধন, টিআইএন সনদ, আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের কপি ও ০২ (দুই) কপি ছবি জমা প্রদান করতে হবে। আর্থিক সক্ষমতার পক্ষে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দাখিল করতে হবে যেখানে ৫ (পাঁচ) কোটি টাকার ক্রেডিট লিমিট উল্লেখ থাকতে হবে।
- ০৫) বরাদ্দ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমের মূল্য টা: ২৫,০০০/- (পচিশ হাজার মাত্র) টাকা (অফেরৎযোগ্য)। বরাদ্দ প্রাপ্তি আবেদন ফরম বিএফডিসি'র ক্যাশ শাখা হতে সংগ্রহ করতে হবে।
- ০৬) আবেদন ফরমের সাথে স্থাপনাসহ জায়গার ভাড়ার প্রস্তাব করতে হবে। দরদাতা মূল্যায়নের ক্ষেত্রে সর্বোচ্চ ভাড়ার প্রস্তাব বিবেচনায় রাখা হবে।
- ০৭) অফারের সাথে টা: ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বুকিং মানি/ নিরাপত্তা জামানত হিসেবে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে যা পরবর্তীতে মূল জামানতের সাথে সমন্বয় করা হবে।
- ০৮) আবেদন ফরম এর সাথে আগ্রহী প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে পরিচালক (উৎপাদন), বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা-১২০৮-বরাবর আবেদন করতে হবে।
- ০৯) আবেদনপত্র দাখিলের শেষ সময় ২৮/০৪/২০২৪ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত এবং আবেদনপত্র খোলার তারিখ ২৮/০৪/২০২৪ বেলা ১২:৩০ ঘটিকা এবং স্থান পরিচালক (উৎপাদন) এর দপ্তর।
- ১০) আগ্রহী প্রতিষ্ঠান সরজমিনে প্রস্থাবিত স্থান পরিদর্শন করতে পারবেন।
- ১১) আবেদনপত্র বাতিল বা গ্রহণ বা যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিএফডিসি কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।


০৩.৪.২৪
মোস্তফা রশীদ
উন্নয়ন কর্মকর্তা
বিএফডিসি, ঢাকা।